বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

**প্রজ্ঞাপন**

নম্বরঃ-১৭.০০.০০০০.০৩৭.৩৬.০০৭.২৪.১৮৫ তারিখ: ২৫ জৈষ্ঠ্য ১৪৩৩ / ০৮ জুন ২০২৬

নম্বরঃ ১৭.০০.০০০০.০৩৭.৩৬.০০৭.২৪.১৮৫। জাতীয় সংসদ নির্বাচন এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ ও জেলা পরিষদ) নির্বাচনে দায়িত্ব পালন এবং ভোটার তালিকা প্রণয়ন কার্যক্রমে অংশগ্রহণরত অবস্থায় অসুস্থ/গুরুতর অসুস্থ/আহত/গুরুতর আহত কর্মকর্তা-কর্মচারী ও মৃত ব্যক্তির পরিবারের সদস্যকে ক্ষতিপূরণ/ প্রয়োজনীয় আর্থিক সহায়তা বা অনুদান প্রদানের লক্ষ্যে বাংলাদেশ নির্বাচন কমিশন নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল যাহাঃ

(১) **শিরোনাম**

"নির্বাচনে ও ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত কার্যক্রমে দায়িত্ব পালনকালে অসুস্থ/গুরুতর অসুস্থ/আহত/গুরুতর আহত কর্মকর্তা/কর্মচারী ও মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক সহায়তা/অনুদান প্রদান নীতিমালা-২০২৬

(২) ইহা ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসীল ঘোষণার তারিখ হইতে কার্যকর হইবে।

(৩) **প্রবর্তনঃ** যাদের জন্য প্রযোজ্যঃ

জাতীয় সংসদ নির্বাচন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ ও জেলা পরিষদ) নির্বাচনে ও ভোটার তালিকা প্রস্তুতের দায়িত্বে/কার্যক্রমে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারী/আইন শৃঙ্খলা বাহিনীর সদস্য/ব্যক্তি এর আওতাভুক্ত হইবেন।

(৪) **সংজ্ঞাঃ** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এ নীতিমালায়-

(ক) কর্মকর্তা-কর্মচারীঃ কর্মকর্তা-কর্মচারী অর্থ নির্বাচন ও ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত দায়িত্বে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী ও ব্যক্তি এবং আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যও এর অন্তর্ভুক্ত হইবে।

(খ) যাচাই-বাছাই ও সুপারিশ কমিটিঃ এই নীতিমালার অনুচ্ছেদ ১০ এর আওতায় গঠিত যাচাই-বাছাই ও সুপারিশ কমিটি।

(গ) মেডিক্যাল সনদ: এ নীতিমালার অনুচ্ছেদ ৯ এর ৬ এর আওতায় সিভিল সার্জন/সরকারি হাসপাতালের একজন বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রদত্ত সনদ/হাসপাতালে ভর্তির প্রমাণপত্র;

(ঘ) অনুদানঃ এ নীতিমালার অনুচ্ছেদ-৬ এর আওতায় এককালীন আর্থিক অনুদান।

(ঙ) পরিবারঃ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পরিবারের সদস্য এবং উত্তরাধিকারী নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগ হতে সর্বশেষ জারীকৃত সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করিতে হইবে; তবে-

(i) মৃত কর্মকর্তা-কর্মচারীর স্ত্রীর ক্ষেত্রে একাধিক স্ত্রী থাকিলে আর্থিক অনুদানের পরিমাণ সমানভাবে বণ্টন করা হইবে; এক্ষেত্রে স্ত্রীদের যৌথভাবে আবেদন করিতে হইবে এবং মৃত কর্মকর্তা-কর্মচারী অনুদান প্রাপ্তির পূর্বে স্বামী/স্ত্রী পুনর্বিবাহ বন্ধনে আবদ্ধ হইলে এই সুবিধা প্রাপ্য হইবেন না;

(ii) কোন মৃত কর্মকর্তা-কর্মচারীর স্বামী/স্ত্রী জীবিত না থাকিলে সেক্ষেত্রে তাঁর অনূর্ধ্ব ২৫ বছরের পুত্র/অবিবাহিত কন্যা সন্তান, পুত্র/কন্যা না থাকলে মৃত কর্মকর্তা-কর্মচারীর বাবা/মা অনুদানের জন্য আবেদন করিতে পারিবেন;

(iii) কোনো মৃত কর্মকর্তা-কর্মচারীর স্বামী/স্ত্রী জীবিত না থাকিলে এবং তাদের নাবালক সন্তান থাকিলে অভিভাবক নির্ধারণ সংক্রান্ত "পারিবারিক আদালত অর্ডিন্যান্স, ১৯৮৫" প্রযোজ্য হইবে;

(iv) মৃত কর্মকর্তা-কর্মচারী অবিবাহিত হইলে বাবা/মা কিংবা ভাই/বোন আবেদন করিতে পারিবেন;

(v) মৃত কর্মকর্তা-কর্মচারীর স্বামী/স্ত্রী/বাবা/মা/পুত্র/অবিবাহিত কন্যা সন্তান না থাকিলে বিবাহিত কন্যা উপযুক্ত প্রমাণসহ আবেদন করিতে পারিবেন;

CamScanner

(vi) মৃত কর্মকর্তা-কর্মচারী নিঃসন্তান হইলে আবেদনকারীর স্বামী/স্ত্রী ৫০% এং মৃত কর্মচারীর বাবা/মা কিংবা অবিবাহিত ভাই-বোন অবশিষ্ট ৫০% সমহারে পাইবেন।

(চ) অনুমোদনকারী কর্তৃপক্ষঃ নির্বাচন কমিশন;

(ছ) আবেদন প্রক্রিয়াকরণ পদ্ধতিঃ যাচাই-বাছাই ও সুপারিশ কমিটির প্রস্তাব নির্বাচন কমিশন সচিবালয়ের মাধ্যমে উপস্থাপন করা হইবে;

(জ) আবেদনপত্রঃ এ নীতিমালায় পরিশিষ্ট-তে উল্লিখিত তথ্য সম্বলিত আবেদন।

(৫) অর্থের উৎসঃ প্রতি অর্থবছরে নির্বাচন কমিশন সচিবালয়ের বাজেটে সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে সংস্থানকৃত অর্থ।

(৬) অনুদানের হার/পরিমাণ নিম্নরূপ :

(ক) দায়িত্বরত অবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী দুর্বৃত্ত কর্তৃক হামলা বা দুর্ঘটনায় আহত/গুরুতর আহত/নিহত হইলে যাচাই-বাছাই ও সুপারিশ কমিটি নিম্নরূপ হারে সর্বোচ্চ আর্থিক অনুদান প্রদানের জন্য সুপারিশ করিবে;

| ক্রমিক | অনুদান প্রাপ্যতার ধরণ | প্রদেয় অনুদানের সর্বোচ্চ পরিমান (টাকায়) |
|---|---|---|
| ১ | মৃত্যুবরণ করিলে তাঁর পরিবারের জন্য | ১০,০০,০০০/- |
| ২ | গুরুতর আহত/স্থায়ী অক্ষম ব্যক্তিদের জন্য | ৪,০০,০০০/- |
| ৩ | গুরুতর আহত/সাময়িকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য | ২,০০,০০০/- |
| ৪ | আহত ব্যক্তিদের জন্য (আহতের ধরন বিবেচনাপূর্বক) | ৫০,০০০/- |

(খ) দায়িত্বরত অবস্থায় আকস্মিকভাবে অসুস্থ/গুরুতর অসুস্থ/মৃত্যুবরণ করিলে নিম্নরূপ হারে সর্বোচ্চ আর্থিক অনুদান প্রদান করা হইবেঃ

| ক্রমিক | অনুদান প্রাপ্যতার ধরণ | প্রদেয় অনুদানের সর্বোচ্চ পরিমান (টাকায়) |
|---|---|---|
| ১ | মৃত্যুবরণ করিলে তাঁর পরিবারের জন্য | ৬,০০,০০০/- |
| ২ | গুরুতর অসুস্থ/স্থায়ী অক্ষম ব্যক্তিদের জন্য | ৩,০০,০০০/- |
| ৩ | সাময়িকভাবে অসুস্থ ব্যক্তির জন্য | ৫০,০০০/- |
| ৪ | হাসপাতালে ভর্তির পর ব্যয়বহুল চিকিৎসা গ্রহণ করা হইলে | ৩,০০,০০০/- |
| ৫ | হাসপাতালে ভর্তি হয়ে সাধারণ চিকিৎসা গ্রহণ করা হইলে | ২,০০,০০০/- |

(৭) **রেজিস্টারঃ** এ নীতিমালার অধীন কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ একটি রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে এবং রেজিস্টারে লিপিবদ্ধকরতঃ আবেদনসমূহ ক্রমানুসারে বাছাই কমিটিতে বিবেচনার জন্য উপস্থাপন করা হইবে।

(৮) **আর্থিক সহায়তা/অনুদানের জন্য আবেদন প্রেরণের সময়সীমাঃ** নির্বাচনে ও ভোটার তালিকা সংক্রান্ত কার্যক্রমে দায়িত্ব পালনকালে অসুস্থ/গুরুতর অসুস্থ/আহত/গুরুতর আহত/মৃত্যুবরণ করিলে আর্থিক অনুদানের জন্য সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার/অফিস প্রধানের মাধ্যমে নির্ধারিত তথ্য সম্বলিত ছকে আবেদন সিনিয়র সচিব/সচিব, নির্বাচন কমিশন সচিবালয় বরাবর প্রেরণ করিতে হইবে।

**(৯) আবেদনপত্রের সঙ্গে নিম্নরূপ কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।**

১. আবেদনপত্র (পরিশিষ্ট-ক/ক-১)।

২. আবেদনকারীর ছবি-১ কপি (সত্যায়িত)।

৩. মৃত কর্মকর্তা-কর্মচারীর উত্তরাধিকার সনদ-১ কপি।

৪. অভিভাবক মনোনয়ন (প্রযোজ্য ক্ষেত্রে) এবং অনুদানের টাকা উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ সনদ-১ কপি।

৫. আবেদনকারীর আবেদনে উল্লেখিত ব্যাংক হিসাবের চেক বই এর প্রথম পাতার ফটোকপি (যদি থাকে)।

৬. সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন/সরকারি হাসপাতালের একজন বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক মৃত্যু সনদ/হাসপাতালে ভর্তির প্রমাণপত্র।

CamScanner

৭. আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র-১ কপি।

৮. অসুস্থ/গুরুতর অসুস্থ/আহত/গুরুতর আহত/মৃত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র-১ কপি।

৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা/সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার/উপজেলা/থানা নির্বাচন অফিসারের প্রত্যয়নপত্র (পরিশিষ্ট-খ/খ-১)।

(১০) **যাচাই-বাছাই ও সুপারিশ কমিটিঃ** যাচাই-বাছাই ও সুপারিশ কমিটির গঠন নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ১ | যুগ্মসচিব (নির্বাচন ব্যাবস্থাপনা-১) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সভাপতি |
| ২ | উপসচিব (মানব সম্পদ উন্নয়ন ও কল্যাণ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৩ | উপসচিব (নির্বাচন পরিচালনা-১), নির্বাচন কমিশন সাচিবালয়, ঢাকা | সদস্য |
| ৪ | সিনিয়র সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-৩), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সদস্য |
| ৫ | সিনিয়র সহকারী সচিব (বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা | সদস্য সচিব |

**কার্যপরিধিঃ** কমিটি সংশ্লিষ্ট আর্থিক বৎসরে কমপক্ষে ২ (দুই) বার প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করিবেন এবং আর্থিক অনুদানের পরিমান নির্ধারণ পূর্বক আর্থিক সহায়তা প্রদানের জন্য সিনিয়র সচিব/সচিব, নির্বাচন কমিশন সচিবালয় ঢাকা বরাবর প্রতিবেদন দাখিল করিবেন।

**(১১) ক্ষতিপূরণ বাবদ আর্থিক অনুদান/আর্থিক সহায়তা মঞ্জুরী পদ্ধতি।**

১. যাচাই-বাছাই ও সুপারিশ কমিটির প্রতিবেদনের ভিত্তিতে মাননীয় কমিশনের অনুমোদন সাপেক্ষে আর্থিক অনুদান/আর্থিক সহায়তা প্রদান করা হইবে।

২. কোন ব্যক্তির আবেদনের ক্ষেত্রে মেডিক্যাল বোর্ডের সুপারিশ প্রয়োজন হইলে সেই বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অত্র সচিবালয় হইতে সংশ্লিষ্ট সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসারের নিকট পত্র প্রেরণ করা হইবে এবং প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে মাননীয় কমিশনের নির্দেশনা মোতাবেক ক্ষতিপূরণ বাবদ আর্থিক অনুদান/আর্থিক সহায়তা প্রদান করা হইবে।

০৮.০৮.২৫

(রাশেদুল ইসলাম)

উপসচিব (নির্বাচন পরিচালনা-১)

CS CamScanner

পরিশিষ্ট-ক

বরাবর
সিনিয়র সচিব/সচিব
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

আবেদনকারীর এক কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

**বিষয়ঃ নির্বাচন ও ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত কাজে দায়িত্বরত অবস্থায় দুর্বৃত্ত কর্তৃক হামলা বা দুর্ঘটনায় আহত/গুরুতর আহত/নিহত হলে ব্যক্তির পরিবার এর আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন।**

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি/আমার স্বামী/স্ত্রী/বাবা/মা/ভাই/বোন ........... প্রতিষ্ঠানে ............. কর্মরত আছি/ছিলেন। আমি/তিনি নির্বাচনি/ভোটার তালিকা প্রণয়ন কাজে নিয়োজিত থাকা অবস্থায় ............. তারিখে দুর্বৃত্ত কর্তৃক হামলা বা দূর্ঘটনায় আহত/গুরুতর আহত/নিহত হই/হন। নিম্নে প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় অবগতির জন্য পেশ করলাম।

(ক) কর্মকর্তা-কর্মচারীর নাম :
(বাংলায় (ইংরেজিতে বড় অক্ষরে)
(খ) পিতা/স্বামী/স্ত্রীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে বড় অক্ষরে)
(গ) কর্মকর্তা-কর্মচারীর পদবি (বাংলায়) :
(ইংরেজিতে বড় অক্ষরে)
(ঘ) কর্মকর্তা-কর্মচারীর অফিসের নাম ও ঠিকানা :
(ঙ) মৃত কর্মকর্তা-কর্মচারীর জাতীয় পরিচয়পত্র নম্বর :
(চ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর :
(ছ) অবেদনকারীর সাথে সংশ্লিষ্ট মৃত কর্মচারীর সম্পর্ক :
(জ) মোবাইল ও ই-মেইল নম্বর :
(ঝ) আবেদনকারীর নাম ও স্থায়ী ঠিকানা :
(ঞ) আবেদনকারীর ব্যাংক ও শাখার নাম :
হিসাব নম্বর ও রাউটিং নম্বর
(ইংরেজিতে বড় অক্ষরে)
(ট) কর্মকর্তা-কর্মচারীর জন্ম তারিখ :
(ঠ) চাকুরীতে যোগদানের তারিখ :
(ড) কর্মকর্তা-কর্মচারীর মৃত্যু তারিখ :
(ঢ) কর্মকর্তা-কর্মচারীর উত্তরাধিকারীর নাম ও ঠিকানা :
(ণ) কর্মকর্তা-কর্মচারী রাজস্ব খাতভুক্ত কিনা :
(ত) প্রার্থিত টাকার পরিমাণ :

আমি প্রতিজ্ঞাপূর্বক বলছি যে, এ আবেদনপত্রে চাহিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি কোনো তথ্য গোপন করিনি। অতএব, আমার আবেদন সদয় বিবেচনাপূর্বক কল্যাণ অনুদান মঞ্জুরীর জন্য বিনীত অনুরোধ করছি।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ
বর্তমান ঠিকানা

CamScanner

পরিশিষ্ট-খ

আঞ্চলিক/সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার/উপজেলা/থানা নির্বাচন অফিসার এর প্রত্যয়ন

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে জনাব .................................................................................................. ঠিকানা ....................................................................................................................................................., তিনি নির্বাচনে/ভোটার তালিকা প্রণয়ন কার্যক্রমে কর্মকর্তা/সদস্য হিসেবে দায়িত্বরত অবস্থায় দুর্বৃত্ত কর্তৃক হামলা বা দুর্ঘটনায় আহত/গুরুতর আহত/নিহত হন। তার দুর্বৃত্ত কর্তৃক হামলা বা দুর্ঘটনায় আহত/গুরুতর আহত/নিহত হওয়ার তথ্যাদি সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন/সরকারী হাসপাতালের একজন বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক মৃত্যু সনদ/হাসপাতালে ভর্তির প্রমাণপত্র সংগ্রহ করা হয়েছে। তাকে আর্থিক অনুদানের জন্য সুপারিশ করা হলো। তাঁর অবেদনপত্রের 'ক' অংশে বর্ণিত তথ্যাদি সঠিক। তাঁর অনুকূলে এ ধরনের কোন আর্থিক অনুদানের আবেদপত্র পূর্বে অত্র অফিস হতে প্রেরণ করা হয়নি।

আঞ্চলিক/সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার/
উপজেলা/থানা নির্বাচন অফিসার এর স্বাক্ষর

CamScanner

পরিশিষ্ট-ক-১

আবেদনকারীর এক কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি

বরাবর
সিনিয়র সচিব/সচিব
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

**বিষয়ঃ নির্বাচনে ও ভোটার তালিকা প্রণয়ন সংক্রান্ত কার্যক্রমে দায়িত্বরত অবস্থায় আকস্মিকভাবে অসুস্থ/গুরুতর অসুস্থ/মৃত ব্যক্তির পরিবার এর আর্থিক সহায়তা/অনুদান প্রাপ্তির আবেদন।**

মহোদয়,

বিনীত নিবেদন এই যে আমি/আমার স্বামী/স্ত্রী/বাবা/মা/ভাই/বোন .................... প্রতিষ্ঠানে ................ কর্মরত আছি/ছিলেন। আমি/তিনি নির্বাচনি/ভোটার তালিকা প্রণয়ন কাজে নিয়োজিত থাকা অবস্থায় .................. তারিখে আকস্মিকভাবে অসুস্থ/গুরুতর অসুস্থ/মৃত্যুবরণ হই/করেন। নিম্নে প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় অবগতির জন্য পেশ করলাম।

| | |
|---|---|
| (ক) কর্মকর্তা-কর্মচারীর নাম (বাংলায়)<br>(ইংরেজিতে বড় অক্ষরে) | : |
| (খ) পিতা/স্বামী/স্ত্রীর নাম (বাংলায়)<br>(ইংরেজিতে বড় অক্ষরে) | : |
| (গ) কর্মকর্তা-কর্মচারীর পদবি (বাংলায়)<br>(ইংরেজিতে বড় অক্ষরে) | : |
| (ঘ) কর্মকর্তা-কর্মচারীর অফিসের নাম ও ঠিকানা | : |
| (ঙ) মৃত কর্মকর্তা-কর্মচারীর জাতীয় পরিচয়পত্র নম্বর | : |
| (চ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর | : |
| (ছ) অবেদনকারীর সাথে সংশ্লিষ্ট মৃত কর্মচারীর সম্পর্ক | : |
| (জ) মোবাইল ও ই-মেইল নম্বর | : |
| (ঝ) আবেদনকারীর নাম ও স্থায়ী ঠিকানা | : |
| (ঞ) আবেদনকারীর ব্যাংক ও শাখার নাম<br>হিসাব নম্বর ও রাউটিং নম্বর<br>(ইংরেজিতে বড় অক্ষরে) | : |
| (ট) কর্মকর্তা-কর্মচারীর জন্ম তারিখ | : |
| (ঠ) চাকুরীতে যোগদানের তারিখ | : |
| (ড) কর্মকর্তা-কর্মচারীর মৃত্যু তারিখ | : |
| (ঢ) কর্মকর্তা-কর্মচারীর উত্তরাধিকারীর নাম ও ঠিকানা | : |
| (ণ) কর্মকর্তা-কর্মচারী রাজস্ব খাতভুক্ত কিনা | : |
| (ত) প্রার্থিত টাকার পরিমাণ | : |

আমি প্রতিজ্ঞাপূর্বক বলছি যে, এ আবেদনপত্রে চাহিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি কোনো তথ্য গোপন করিনি। অতএব, আমার আবেদন সদয় বিবেচনাপূর্বক কল্যাণ অনুদান মঞ্জুরীর জন্য বিনীত অনুরোধ করছি।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ
বর্তমান ঠিকানা

CamScanner

পরিশিষ্ট-খ-১

আঞ্চলিক/সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার/উপজেলা/থানা নির্বাচন অফিসার এর প্রত্যয়ন

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে জনাব ..........................................................................................

ঠিকানা ....................................................................................................................................

তিনি নির্বাচনে/ভোটার তালিকা প্রণয়ন কার্যক্রমে কর্মকর্তা/সদস্য হিসেবে দায়িত্বরত অবস্থায় আকস্মিকভাবে অসুস্থ/গুরুতর অসুস্থ/মৃত্যুবরণ করেন। তার আকস্মিকভাবে অসুস্থ/গুরুতর অসুস্থ/মৃত্যুর তথ্যাদি সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন/সরকারী হাসপাতালের একজন বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক মৃত্যু সনদ/হাসপাতালে ভর্তির প্রমাণপত্র সংগ্রহ করা হয়েছে। তাকে আর্থিক অনুদানের জন্য সুপারিশ করা হলো। তাঁর অবেদনপত্রের 'ক-১' অংশে বর্ণিত তথ্যাদি সঠিক। তার অনুকূলে এ ধরনের কোন আর্থিক অনুদানের আবেদপত্র পুর্বে অত্র অফিস হতে প্রেরণ করা হয়নি।

আঞ্চলিক/সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার/
উপজেলা/থানা নির্বাচন অফিসার এর স্বাক্ষর



CamScanner